



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd


স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭৭৬.১৪- ৩৪৬৬

তারিখঃ ৩১/১/২০১৬ খ্রিঃ।

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত) প্রকল্পের বাস্তবায়ন এলাকা ১৫টি জেলার অন্তর্ভুক্ত হলেও বিআরডিবি'র প্রশাসনিক কার্যক্রম ১২টি জেলা দপ্তরের মাধ্যমে পরিচালিত হওয়ায় প্রকল্পের অনুমোদিত আরডিপিপি'র সংস্থান অনুযায়ী ১২টি জেলা ইউনিটের ১২ জন উপপরিচালক-কে অতিরিক্ত দায়িত্ব পালন বাবদ দায়িত্বভার ভাতা প্রদান করা হতো। প্রশাসনিক মন্ত্রণালয়ের স্মারক নং- ৯০ তারিখঃ ৩১/১২/২০১৫ খ্রিঃ এবং বিআরডিবি'র সদর দপ্তর স্মারক নং- ৪৩৯০ তারিখঃ ৩১/১২/২০১৫ খ্রিঃ মূলে বিআরডিবি'র প্রশাসনিক জেলা সম্প্রসারিত হওয়ায় প্রকল্পভুক্ত এলাকায় নতুন ০৩টি জেলা ইউনিট সম্প্রসারিত হয়েছে। ফলে নব সৃষ্ট জেলা ইউনিটের আওতাধীন উপজেলাসমূহের প্রশাসনিক কার্যক্রম উক্ত জেলাসমূহে হস্তান্তরিত হয়েছে এবং উক্ত জেলা ইউনিটের উপপরিচালকগণ প্রকল্পভুক্ত অন্যান্য জেলার ন্যায় অতিরিক্ত দায়িত্ব পালন করছেন। তাই প্রকল্পভুক্ত বিআরডিবি'র নব সৃষ্টি ০৪টি প্রশাসনিক জেলা ইউনিটের (মেহেরপুর, চুয়াডাঙ্গা, মাগুরা এবং নড়াইল) দায়িত্ব প্রাপ্ত ০৪ জন উপপরিচালক প্রকল্পভুক্ত অন্যান্য জেলার উপপরিচালকদের ন্যায় প্রকল্পের অতিরিক্ত দায়িত্ব পালন বাবদ প্রকল্প তহবিল হতে মাসিক মূল বেতনের ১০% হারে তবে সর্বোচ্চ ১৫০০ টাকা দায়িত্বভার ভাতা এবং উক্ত জেলাসমূহের জুনিয়ার অফিসার (হিসাব) প্রকল্পের হিসাব সংক্রান্ত কাজের জন্য ৫০০/- হারে সম্মানী ভাতা প্রাপ্য হবেন।

২। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।


৩১/০১/১৬
প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪

উপ-পরিচালক,
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
জেলাঃ মাগুরা/চুয়াডাঙ্গা/মেহেরপুর/নড়াইল।

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১. উপ প্রকল্প পরিচালক (অর্থ ও উন্নয়ন), ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক সরেজমিন মহোদয়ের সহকারী, বিআরডিবি, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. অফিস নথি/ সংশ্লিষ্ট নথি।